


গাঙ্গুলী বনাম হুপার

ভারতের সামনে ওয়েস্ট ইন্ডিজ

লিখেছেন সুমন্ত শাওন

দেশের বাইরে খেলা মানেই অবধারিত হার, ওয়েস্ট ইন্ডিয়ানদের জন্য ইদানীং যেন স্বতঃসিদ্ধ হয়ে উঠেছে ব্যাপারটা। ঠিক সে সময়ে ক্যারিবিয়ান দল প্রায় আড়াই মাসের দীর্ঘ সফরে এখন ভারতে অবস্থান করছে। সফরকারী দল স্বাগতিকদের সঙ্গে তিনটি টেস্ট ও সাতটি এক দিনের ম্যাচের সিরিজ খেলবে। এরকম ম্যারাথন একটা সফরে ক্যারিবিয়ান দলের ব্যাটিং সম্রাট এবং ক্রিকেটের বরপুত্র ব্রায়ান লারা থাকছেন না। সর্বদাই রহস্যের জালে আবৃত লারা ভারত সফরে না আসায় লারা-শর্টীনের শ্রেষ্ঠত্বের আরেকটা লড়াই থেকে ক্রিকেট বিশ্ব বঞ্চিত হলো। এমনিতে ভারত ঘরের ভেতর বাঘ, তার ওপর সাম্প্রতিক সময়ে ভারতের পিকআপ ফর্ম। এতে করে একটা বিষয় সিরিজ শুরু আগে স্পষ্ট হয়ে উঠেছে, লারাবিহীন ওয়েস্ট ইন্ডিজের নাজেহালের অবস্থাটা কেমন হবে। অবশ্য এসব মানতে নারাজ ক্যারিবিয়ান গ্রেট ব্যাটসম্যান ভিভ রিচার্ডস। খেলাটির নাম ক্রিকেট। আগেভাগেই সবকিছু নিশ্চিত থাকা মোটেও শুভবুদ্ধির কাজ নয়। আর তাকে স্বপ্ন দেখাচ্ছে অতীতের স্মৃতি। ভারত সফরেই আবিষ্কৃত হয়েছে অ্যান্ডি রবার্টস, ম্যালকম মার্শালদের মতো ওয়েস্ট ইন্ডিয়ান ক্রিকেটের মহারথী। তার নিজেরও সাফল্যের সূচনা এই ভারতের মাটিতে। কে জানে এ সফরেও তেমন কারো জন্ম হবে কিনা? বর্তমানে ওয়েস্ট ইন্ডিয়ান ক্রিকেট বোর্ডের প্রধান নির্বাচক তাই আশার বাণী শুনিয়েছেন তার দলের তরুণ খেলোয়াড়দের। লারার অনুপস্থিতিকেই যে বড় করে দেখা হচ্ছে, সেটাও পছন্দ হচ্ছে না কিং রিচার্ডসের।

ভারতের মাটিতে ভারতকে হারানো যে কঠিন কাজ তা মানতে অবশ্য দ্বিধা নেই রিচার্ডসের। তবে কার্ল হুপারের দলের প্রতি তার পরামর্শ- ভারতীয় দল যতোই ভালো হোক আমাদের আত্মবিশ্বাসী হতে হবে। খেলাটির নাম ক্রিকেট। কখনো কখনো ভালো দলও হেরে যায়। তিনি আরো এক ধাপ এগিয়ে গিয়ে বলেন, 'কে জানে এই



দু'অধিনায়ক সৌরভ গাঙ্গুলী ও কার্ল হুপার

সফরের শেষে রাম নরেশ সারওয়ান কিংবা মারলন স্যামুয়েলস নায়ক হয়ে ওঠবে কিনা। ২৪ টেস্টে ১৩টি হাফ সেঞ্চুরি করা সারওয়ানকে দলের অন্যতম সেরা প্রতিভা বলেই মানা হয়। কিন্তু এখনো সেঞ্চুরির দেখা পাননি তিনি। আর স্যামুয়েলস অস্ট্রেলিয়া

সফরে দারুণ খেললেও পরে ফর্ম হারিয়ে বাদ পড়েছিলেন দল থেকে। দলে একমাত্র অভিজ্ঞ কার্ল হুপার ছাড়া তেমন আর কেউ নেই যে, দ্বিতীয় জনের নাম আসতে পারে। দলের বাকিরা সবাই তরুণ। এক ঝাঁক তরুণ নিয়ে কার্ল হুপারের দল কিভাবে সামলাবে সৌরভ



রাহুল দ্রাবিড় : ভারতের ব্যাটিং স্তম্ভ, একাই বদলে দিতে পারেন অনেক কিছু


কোথেকে, সেটা কেবল সময়ই বলে দেবে।

টেডুলকারের সম্মানে

শচীন রমেশ টেডুলকার শততম টেস্ট খেলেছেন ইংল্যান্ড সফরে। তাই শততম টেস্টে শচীন টেডুলকারকে সম্মান জানানোর সুযোগ পাননি ভারতবাসী। বিশ্বের সেরা ব্যাটসম্যানটির টেস্টে 'সেঞ্চুরি' হয়েছিল ইংল্যান্ডের ওভালে। কিন্তু ১০১তম টেস্টটি নিজের শহর মুম্বাইয়েই খেলতে নামছেন টেডুলকার। নিজেদের সেরা 'রত্নটি'কে সম্মান জানানোর এতো বড় সুযোগ তাই হাতছাড়া করতে রাজি নয় মুম্বাইবাসী, বিশেষ করে মুম্বাই ক্রিকেট অ্যাসোসিয়েশন (এমসিএ)। ৯ অক্টোবর থেকে মুম্বাইয়ের

ভারত-ও. ইন্ডিজ সিরিজ

তারিখ	ম্যাচ	ভেন্যু
৯-১৩ অক্টোবর	১ম টেস্ট	মুম্বাই
১৭-১২ অক্টোবর	২য় টেস্ট	চেন্নাই
৩০ অক্টোঃ ৩ নবেঃ	৩য় টেস্ট	কলকাতা
৬ নবেম্বর	১ম একদিনের ম্যাচ	জামশেদপুর
৯ নবেম্বর	২য় একদিনের ম্যাচ	নাগপুর
১২ নবেম্বর	৩য় একদিনের ম্যাচ	রাজকোট
১৫ নবেম্বর	৪র্থ একদিনের ম্যাচ	আহমেদাবাদ
১৮ নবেম্বর	৫ম একদিনের ম্যাচ	বারোদা
২১ নবেম্বর	৬ষ্ঠ একদিনের ম্যাচ	জেবিপুর
২৬ নবেম্বর	৭ম একদিনের ম্যাচ	বিশাখাপটম



ভারত-ওয়েস্ট ইন্ডিজের দুই ব্যাটিং গুপ্ত : টেডুলকার খেললেও লারার অনুপস্থিতি ভোগাবে ওয়েস্ট ইন্ডিজকে

ওয়াংখেড়ে স্টেডিয়ামে শুরু হতে যাওয়া ভারত-ওয়েস্ট ইন্ডিজ প্রথম টেস্টে টেডুলকারকে বেশ অভিনবভাবেই সম্মান জানাচ্ছে তারা। এ টেস্টের সমস্ত টিকিট ও পাসে ছাপা থাকবে টেডুলকারের প্রতিকৃতি। শুধু তাই নয়, ওয়াংখেড়ে স্টেডিয়ামের বেশ কয়েকটি ব্লক রাঙানো হবে গাঢ় নীল রঙে। ম্যাচ শুরুর আগে সম্মানসূচক রূপালি ফলকও দেয়া হবে এ যুগের 'ডন'কে।

ভারতবর্ষে আরেক শচীন

ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে সিরিজে তরুণ আরেক টেডুলকারের দিকে নজর রাখতে যাচ্ছে ভারতবাসী। বীরেন্দ্র শেওয়াগ নামটা এখন ভারতবাসীর মুখে মুখে। 'ও' নেতা নয়, অভিনেতাও নয়। তবু সবাই ওকে এতো ভালোবাসে। ও আসলে এক তপস্বী, ক্রিকেট মাঠই যার 'তপস্যার স্থান'। এমন ধারণাই এখন সমগ্র ভারতবর্ষের। দেখতে প্রায় শচীনের মতোই, গঠনও শচীনের মতো আর খেলেনও একই স্টাইলে। সেজন্য ইতিমধ্যে তাকে উপাধি দেয়া হয়ে গেছে 'লিটল শচীন'। গত বছর নিউজিল্যান্ডের বিরুদ্ধে নব্য খেলোয়াড় হিসেবে ভারতীয় দলে খেলতে নেমে শেওয়াগ খেলেন এক বিস্ময়কর ঝড়ো ইনিংস। মাত্র ৬৯ বলে সেঞ্চুরি করার পর রীতিমতো পাকা ব্যাটসম্যান হিসেবেই পরিচিত হয়ে ওঠেন। এরপর দিন গড়িয়েছে, ম্যাচ খেলেছেন, নিজের পরিচিতি তুলে ধরেছেন এবং আভাস দিলেন অন্য আর দশজনের মতো হারিয়ে যেতে আসেননি তিনি। বিশ্ব ক্রিকেটের বাঘা বাঘা বোলারদের শাসাতে চান।